গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান অফিস
ছাতক, সুনামগঞ্জ
bbs.chhatak.sunamganj.gov.bd

স্মারক নং: ৫২.০১.৯০২৩.০০০.১৪.০০৩.২৪.১৫৭

তারিখঃ ১০ অগ্রহায়ণ, ১৪৩১ / ২৫ নভেম্বর ,২০২৪

## সভার নোটিশ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'অর্থনৈতিক শুমারি ২০২৪' সম্পর্কে উপজেলা স্থায়ী শুমারি/জরিপ কমিটির সদস্যগণকে বিস্তারিতভাবে উপস্থাপনের নিমিত্ত অবহিতকরণ সভা নিম্ন স্বাক্ষরকারীর সভাপতিত্বে আগামী ২৭ নভেম্বর, ২০২৪ তারিখ বুধবার সকাল ১১:৩০ ঘটিকায় উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

২। কমিটির সকল সদস্যকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

২৫/১১/২৪

মোঃ তরিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা স্থায়ী শুমারি/জরিপ কমিটি
ছাতক, সুনামগঞ্জ

.............................................
ছাতক, সুনামগঞ্জ।

স্মারক নং: ৫২.০১.৯০২৩.০০০.১৪.০০৩.২৪.১৫৭

তারিখঃ ১০ অগ্রহায়ণ, ১৪৩১ / ২৫ নভেম্বর, ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে
১। প্রকল্প পরিচালক, অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প, বিবিএস, ঢাকা।
২। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান অফিস, সিলেট।
৩। উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, সুনামগঞ্জ।
৪। জেলা শুমারি সমন্বয়কারী, সুনামগঞ্জ-২।
৫। অফিস কপি।

২৫/১১/২০২৪

মোঃ আমিনুল ইসলাম সরকার
উপজেলা শুমারি সমন্বয়কারী
ও
সদস্য সচিব
উপজেলা স্থায়ী শুমারি/জরিপ কমিটি
ছাতক, সুনামগঞ্জ
usobbschhatak@gmail.com
০১৭১৮৬৭৬৭৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প
পরিসংখ্যান ভবন (৯ম তলা, ব্লক-এ)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং- ৫২.০১.০০০০.৬৩৫.১৮.০০৬.২৩-২৮৮৬

তারিখঃ ২৮ কার্তিক, ১৪৩১
১৩ নভেম্বর, ২০২৪

**বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নাধীন অর্থনৈতিক শুমারি ২০২৪ সুষ্ঠুভাবে বাস্তবায়নে শুমারি কমিটিসমূহের সভা আয়োজনে সহযোগিতা প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে শুমারি ও জরিপ পরিচালনার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক ও জনতাত্ত্বিকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিসংখ্যান প্রণয়ন করে আসছে। এরই ধারাবাহিকতায় ২০২৪ সালে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০২। অর্থনৈতিক শুমারি ২০২৩ এর মূল শুমারি কার্যক্রম আগামী ১০-২৬ ডিসেম্বর, ২০২৪ দেশব্যাপী অনুষ্ঠিত হবে। উক্ত কার্যক্রমে দেশের সকল অর্থনৈতিক ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলী, জনবল, সম্পদ এবং ইউনিটের মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ করা হবে। সারাদেশে প্রায় ৯৫ হাজার তথ্যসংগ্রহকারী, ১৯ হাজার সুপারভাইজার, ২৬০০ আইটি সুপারভাইজার এবং ২৬০০ জোনাল অফিসার এ কার্যক্রমে নিয়োজিত থাকবেন। অর্থনৈতিক শুমারি বিবিএস কর্তৃক পরিচালনা করা হলেও একাধিক মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা, মাঠ পর্যায়ের অনেক কর্মকর্তা/কর্মচারীগণ শুমারি পরিচালনায় নিয়োজিত থাকেন।

০৩। বিবিএস এর শুমারি/জরিপ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতিক্রমে বিভাগ, সিটি কর্পোরেশন, জেলা, উপজেলা এবং পৌরসভা পর্যায়ে স্থায়ী শুমারি কমিটি গঠন করা আছে। এসব কমিটি বিবিএস কর্তৃক পরিচালিত বিভিন্ন শুমারি কার্যক্রমে কার্যকরী ভূমিকা রেখে আসছে। আসন্ন অর্থনৈতিক শুমারি ২০২৪ সুষ্ঠুভাবে বাস্তবায়নে স্থানীয় পর্যায়ে কর্মকৌশল নির্ধারণের জন্য আগামী ১২ হতে ২১ নভেম্বর, ২০২৪ তারিখের মধ্যে স্থায়ী শুমারি কমিটিসমূহের সভা আয়োজন করা প্রয়োজন। বিবিএস এর মাঠ পর্যায়ের যুগ্মপরিচালক/উপপরিচালক/পরিসংখ্যান কর্মকর্তাগণ এ সভা আয়োজনের দায়িত্ব পালন করবেন।

০৪। বর্ণিতাবস্থায়, আগামী ১২ হতে ২১ নভেম্বর, ২০২৪ তারিখের মধ্যে বিভাগ, সিটি কর্পোরেশন, জেলা, উপজেলা এবং পৌরসভা পর্যায়ে স্থায়ী শুমারি কমিটিসমূহের সভা আয়োজনে বিবিএস এর মাঠ পর্যায়ের দপ্তরসমূহকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ স্থায়ী শুমারি কমিটি গঠন সংক্রান্ত পত্র (১ কপি)

১৩/১১/২০২৪
**মোহাম্মদ মিজানুর রহমান**
**মহাপরিচালক**
**(অতিরিক্ত সচিব)**
**☎: ০২-৫৫০০৭০৫৬**
**ই-মেইল: dg@bbs.gov.bd**

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। বিভাগীয় কমিশনার (সকল), বিভাগীয় কমিশনারের কার্যালয়,........................................বিভাগ।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা (সকল), ........................................ সিটি কর্পোরেশন।
৩। জেলা প্রশাসক (সকল), জেলা প্রশাসকের কার্যালয়,...........................................জেলা।
৪। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ......................................  সিটি কর্পোরেশন,..................................অঞ্চল।
৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,...........................................উপজেলা।
৬। প্রশাসক (সকল), ........................................ পৌরসভা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। প্রকল্প পরিচালক, অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
২। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
৩। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ........................................ বিভাগ।
৪। উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, ........................................ জেলা।
৫। পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, ........................................ উপজেলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
উন্নয়ন শাখা-১
উন্নয়ন উইং

নং-৫২.০০৮.০২২.০০.০০.৬৬৩.২০১৪- ১৬১

০৪ বৈশাখ, ১৪২১ বঙ্গাব্দ
তারিখঃ ----------------------------
১৭ এপ্রিল, ২০১৪ খ্রিঃ

বিষয়ঃ **শুমারি ও জরিপ কার্য বাস্তবায়নে মাঠ পর্যায়ে স্থায়ীভাবে উপজেলা শুমারি/জরিপ কমিটি গঠন।**

সরকার কর্তৃক অনুমোদিত জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (National Strategy for the Development of Statistics - NSDS) এর বিধান অনুসারে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বিভিন্ন সময়ে শুমারি ও জরিপ কার্য সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত স্থায়ীভাবে উপজেলা শুমারি/জরিপ কমিটি নিম্নরুপভাবে গঠন করা হলোঃ

**উপজেলা শুমারি/জরিপ কমিটি**

| ক্রমিক | কমিটির বিবরণ | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | উপজেলা চেয়ারম্যান | উপদেষ্টা |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ০৩ | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা | সদস্য |
| ০৫ | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ০৬ | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ০৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ০৮ | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ০৯ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ১৫ | উপজেলা কর্মকর্তা, আনসার ও ভিডিপি | সদস্য |
| ১৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ১৭ | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (সকল) | সদস্য |
| ১৮ | সভাপতি/সাধারণ সম্পাদক, বনিক/ব্যবসায়ী সমিতি | সদস্য |
| ১৯ | সভাপতি/সাধারণ সম্পাদক, মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল | সদস্য |
| ২০ | সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা প্রেস ক্লাব (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ২১ | জোনাল অফিসার/প্রতিনিধি (সকল), বিবিএস | সদস্য |
| ২২ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) | সদস্য-সচিব |

উপজেলা শুমারি/জরিপ কমিটির কার্যপরিধি নিম্নরুপঃ

১) সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক শুমারি/জরিপ কমিটি গঠন নিশ্চিত করা;
২) জোনাল অফিসার কর্তৃক স্থানীয় শিক্ষিত বেকারদের মধ্য হতে গণনাকারী/তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার বাছাইয়ে সহায়তা প্রদান করা;
৩) গণনাকারী/তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;
৪) নিয়োগকৃত শুমারি/জরিপকর্মীগণ যথাযথভাবে দায়িত্ব পালন করছেন কিনা তা তদারকী ও মনিটরিং করা;
(৫) সংশ্লিষ্ট উপজেলার সর্বস্তরে ও সকল মাধ্যমে শুমারি/জরিপ এর বিষয়ে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

০২। মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতিক্রমে এই আদেশ জারী করা হলো।

১৭/০৪/১৪
(মোঃ আমিনুল বর চৌধুরী)
যুগ্ম-সচিব (উন্নয়ন)
☎ ৮১৮১৩০৯